

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং- ৩২.০১.৫৮৫৬.০০০.২৭.০৬৫.১৮.৪০২

তারিখ : ২০/০৪/২০২৬ খ্রি.

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প” বাস্তবায়নের নিমিত্ত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার-এ ০২ টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন এবং ফুড প্রসেসিং ও প্রিজারভেশন) ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণার্থী নারী ভর্তির জন্য ১৮ হতে ৪০ বছর বয়সী আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	ট্রেডের নাম	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণের মেয়াদ	শূন্য আসন সংখ্যা	আবেদন জমার সর্বশেষ তারিখ
০১	ফ্যাশন ডিজাইন	স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতা	০৩ মাস (৩৬০ ঘন্টা)	২০ টি	৩০/০৪/২০২৬
০২	ফুড প্রসেসিং ও প্রিজারভেশন	স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতা	০৩ মাস (৩৬০ ঘন্টা)	২০ টি	৩০/০৪/২০২৬

শর্তাবলী

- ০১) আবেদনকারীকে স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতার দরিত্র, সুবিধাবঞ্চিত নারী হতে হবে।
- ০২) আবেদনকারীর বয়স ১৮ থেকে ৪০ বৎসর হতে হবে।
- ০৩) বিধবা এবং তালাকপ্রাপ্ত মহিলাদের অধাধিকার দেওয়া হবে।
- ০৪) প্রশিক্ষণার্থী নির্বাচনে দ্বৈততা পরিহারের বিষয় বিশেষ নজর দেওয়া হবে।
- ০৫) প্রশিক্ষণের মেয়াদ হবে ০৩ (তিন) মাস ব্যাপি, ৬০ কর্মদিবসে ৩৬০ ঘন্টা। (সপ্তাহে ০৫ দিন সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত)
- ০৬) প্রতি ব্যাচে ০২ টি ট্রেডে ২০ জন করে মোট ৪০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ০৭) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৮) গর্ভবতী নারী ও যাদের সন্তান ০৩ বছরের নিচে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

বি. দ্র. :- আবেদনপত্রের সাথে *জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০১ টি; *পাসপোর্ট সাইজ ছবি- ০২ কপি; *শিক্ষাগত যোগ্যতার সনদ (যদি থাকে)- ০১ কপি জমা দিতে হবে এবং আবেদন ফরমে অবশ্যই মোবাইল নম্বর লিখতে হবে।

আবেদন ফরম সংগ্রহ এবং জমা করার স্থান :
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার।
সময় : অফিস চলাকালীন।



২০/০৪/২০২৬

(মধুছন্দা দাস)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ০১। প্রকল্প পরিচালক, আইজিএ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ০৩। উপপরিচালক, উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার।
- ০৪। উপজেলা..... কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার। (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ০৬। নোটিশ বোর্ড
- ০৭। অফিস কপি।



ক্রমিক নং-

(অফিসে ব্যবহারের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।

প্রশিক্ষার্থীর আবেদন ফরম

ট্রেডের নাম	:	
-------------	---	--

ছবি	প্রশিক্ষার্থীর নাম (বাংলায়)	:	
	প্রশিক্ষার্থীর নাম (ইংরেজী)	:	
	মোবাইল নং	:	
	জাতীয় পরিচয়পত্র নম্বর	:	
	জন্ম তারিখ	:	

মাতার নাম	:		
পিতার নাম	:		
বৈবাহিক অবস্থা	:		
স্বামীর নাম	:		
সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা	:		
বর্তমান ঠিকানা	:	গ্রাম :	ডাকঘর :
		উপজেলা :	জেলা :
স্থায়ী ঠিকানা	:	গ্রাম :	ডাকঘর :
		উপজেলা :	জেলা :

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

প্রশিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ